গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/চিশি-১/এমবিবিএসও বিডিএস/বিদেশীছাত্র-ছাত্রীভর্তি-০১/২০১৬-৫৩১ তারিখ: ১৮/১০/২০১৮ খ্রিঃ

বিষয়: সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।

নির্দেশক্রমে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে দেশের সকল সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট/ডেন্টাল ইনস্টিটিউট সমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ১ম বর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ		
ক্রমিক	কার্যক্রম	সময়সীমা
০১।	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস সমূহ সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য আবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	২০/১১/২০১৮
০২।	পররাষ্ট্র মন্ত্রণালয় সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত রাখবে।	০৩/১২/২০১৮
০৩।	স্বাস্থ্য অধিদপ্তর Equalization সহ যাবতীয় কাজ সম্পন্ন করে তথ্যাদি সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ এর আবেদন মেধাক্রম তালিকাসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	২০/১২/২০১৮
০৪।	স্বাস্থ্য অধিদপ্তর বিদেশী শিক্ষার্থীদের (সরকারি মেডিকেল কলেজ বাদে) Equalization প্রতিবেদন ও আবেদন পর্যালোচনা পূর্বক তথ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে একই সাথে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে পত্রের অনুলিপি প্রেরণ করবে।	২৪/১২/২০১৮
০৫।	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ Equalization অনুযায়ী সংশ্লিষ্ট কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজের জন্য মেধার ভিত্তিতে বিদেশী শিক্ষার্থী নির্বাচন সম্পন্ন করে তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	৩১/১২/২০১৮
০৬।	পররাষ্ট্র মন্ত্রণালয় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রেরিত সরকারি মেডিকেল কলেজে মনোনীত এবং অন্যান্য মেডিকেল কলেজের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তালিকা স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসে প্রেরণ করবে।	৩১/০১/২০১৯
০৭।	সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।	৩১/০১/২০১৯

বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ		
ক্রমিক	কার্যক্রম	সময়সীমা
০১।	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য আবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	০৩/১২/২০১৮
০২।	পররাষ্ট্র মন্ত্রণালয় সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত রাখবে।	১০/১২/২০১৮
০৩।	স্বাস্থ্য অধিদপ্তর Equalization সহ যাবতীয় কাজ সম্পন্ন করে তথ্যাদি সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ এর আবেদন মেধাক্রম তালিকাসহ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে।	২৪/০১/২০১৯
০৪।	স্বাস্থ্য অধিদপ্তর বিদেশী শিক্ষার্থীদের (সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ বাদে) Equalization প্রতিবেদন ও আবেদন পর্যালোচনাপূর্বক তথ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে একইসাথে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে পত্রের অনুলিপি প্রেরণ করবে।	৩১/০১/২০১৯

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০২। আগামী ৩১/০১/২০১৯ তারিখের মধ্যে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০১১ (পরবর্তীতে গৃহীত সংশোধনীসহ) অনুযায়ী সব দেশের জন্য একই নিয়ম অনুসরণপূর্বক ২০১৮-১৯ শিক্ষাবর্ষে বিদেশী শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া মেধার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

০৪। বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশী শিক্ষার্থীদের জন্য নির্ধারিত কোটা পূর্বের ন্যায় ৫০% বহাল থাকবে।

০৫। নির্ধারিত সময়ের মধ্যে এমবিবিএস/বিডিএস কোর্সে বিদেশী কোটায় শিক্ষার্থী ভর্তি না হলে শূন্য আসন সমূহ আবেদনকারীদের মধ্য হতে মেধা অনুযায়ী দেশী শিক্ষার্থী দ্বারা পূরণ করতে হবে।

০৬। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ও Equivalence এর ব্যয় নির্বাহের জন্য প্রতিটি আবেদন পত্রের সাথে Director (Medical Education & HMPD), DGHS, Mohakhali, Dhaka, Bangladesh এর বরাবরে 70 (Seventy) Dollar অথবা বাংলাদেশী ৬,০০০/- (ছয় হাজার) টাকা টি.টি (T.T) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৭। বিদেশী শিক্ষার্থীদের নাগরিকত্ব নিশ্চিতকরণে পাসপোর্টের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/নম্বরপত্র/অন্যান্য প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট দেশের শিক্ষা বোর্ড/পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে।

২৮/১০/২০১৮

(বদরুন নাহার)
উপ-সচিব
ফোন-৯৫৪০৬৯০
E-mail: me2@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪. পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫. পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ অনুবিভাগ), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন, ঢাকা।
০৭. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বেসরকারি ডেন্টাল কলেজ এসোসিয়েশন, ঢাকা।

অনুলিপি:

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।